# Raisina Dialogue - 2022

April 21, 2022

---

## রাইসিনা সংলাপ-2022

এপ্রিল 21, 2022

1. রাইসিনা সংলাপের সপ্তম সংস্করণ 25শে এপ্রিল উদবোধন হবে। সংলাপটি ব্যক্তিগত উপস্থিতি বা ইন পার্সন ফরম্যাটে 25 থেকে 27শে এপ্রিল 2022 -এ তিনদিন ধরে অনুষ্ঠিত হবে।

2. রাইসিনা সংলাপটি ভূরাজনীতি এবং ভূঅর্থনীতির উপরে ভারতের ফ্ল্যাগশিপ কনফারেন্স যেটি 2016 সাল থেকে প্রতি বছর অনুষ্ঠিত হয়ে আসছে। অবজারভার রিসার্চ ফাউন্ডেশন (ও আরএফ)-এর সহযোগিতায় বিদেশমন্ত্রক হল এটির আয়োজক ।

3. গতবছরে কোভিড-19 -এর কারণে অভূতপূর্ব পরিস্থিতি উদয় হবার জন্য এটি ভার্চুয়াল ফরম্যাটে অনুষ্ঠিত হয়েছিল। এই বছর সংলাপটি 'ব্যক্তিগত উপস্থিতি বা ইন পার্সন' ফরম্যাটে অনুষ্ঠিত হচ্ছে। সংলাপটি নিরাপদভাবে যাতে অনুষ্ঠিত হয় তা নিশ্চিত করার জন্য আয়োজক সংস্থা কোভিড-19-এর প্রয়োজনীয় যাবতীয় স্বাস্থ্য বিধি মানার ব্যবস্থা গ্রহণ করেছে।

4. ভারতের প্রধানমন্ত্রী 25শে এপ্রিল সংলাপের উদ্বোধন করবেন। ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট উর্সুলা ভন ডের লেয়েন উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথির আসন অলঙ্কৃত করবেন।

5. 2022 সংস্করণের থিম হল "টেরা নোভা: ইম্প্যাশনড,ইমপেশেন্স ও ইমপেরিল্ড বা আবেগপ্রবণ, অধৈর্য এবং অপ্রীতিকর"।তিন দিনের মধ্যে, সংলাপে, ছয়টি বিষয়ভিত্তিক স্তম্ভের উপর একাধিক ফর্ম্যাটে প্যানেল আলোচনা এবং কথোপকথন হবে - (i) গণতন্ত্র পুনর্বিবেচনা: বাণিজ্য, প্রযুক্তি এবং আদর্শ; (ii) বহুপাক্ষিকতার সমাপ্তি: একটি নেটওয়ার্কযুক্ত গ্লোবাল অর্ডার?; (iii) জল ককাস: ইন্দো-প্রশান্ত মহাসাগরে উত্তাল জোয়ার; (iv) কমিউনিটি ইনকর্পোরেটেড: স্বাস্থ্য, উন্নয়ন, এবং গ্রহের প্রথম প্রতিক্রিয়াকারী; (v) সবুজ রূপান্তর অর্জন: সাধারণ অপরিহার্য, ভিন্ন বাস্তবতা; এবং (vi) স্যামসন বনাম গলিয়াথ:_ক্রমাগত এবং নিরলস প্রযুক্তি যুদ্ধ।

6. এই বছর, রাইসিনা সংলাপের পার্শ্ব-কার্যক্রমগুলি বার্লিন এবং ওয়াশিংটন ডিসি-তে অনুষ্ঠিত হবে। মূল সম্মেলনের পাশাপাশি দ্য রাইসিনা ইয়ং ফেলোস কার্যক্রমও অনুষ্ঠিত হবে।

7. অনুষ্ঠানে সুইডেনের প্রাক্তন প্রধানমন্ত্রী কার্ল বিল্ডট, কানাডার প্রাক্তন প্রধানমন্ত্রী স্টিফেন হার্পার , মালদ্বীপের ভূতপূর্ব প্রধানমন্ত্রী মহম্মদ নাশীদ এবং অস্ট্রেলিয়ার প্রাক্তন প্রধানমন্ত্রী অ্যান্থনি

অ্যাবোত-এর উপস্থিতিও পরিলক্ষিত হবে। রাষ্ট্রসঙ্ঘের সাধারণ পরিষদের সভাপতি আবদুল্লা শাহিদ আগে থেকে রেকর্ড করে রাখা তার বক্তব্য পেশ করবেন। আর্জেনটিনা, আরমেনিয়া, অস্ট্রেলিয়া(অনলাইন), গুয়েনা, নাইজেরিয়া, নরওয়ে, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, মাদাগাস্কার, নেদারল্যান্ড, ফিলিপাইনস, পোল্যান্ড, পোর্তুগাল এবং স্লোভেনিয়ার বিদেশ মন্ত্রীরাও এতে অংশগ্রহণ করবেন।

8. 2022 -এর সংস্করণে 100টির বেশী অধিবেশন থাকবে এবং 90টিরও বেশী দেশ ও বহুপাক্ষিক সংস্থা থেকে 210জনেরও বেশী বক্তা তাদের বক্তব্য রাখবেন। আশা করা যাচ্ছে যে বিভিন্ন সোশ্যাল মিডিয়া প্লাটফর্মের মধ্যমে এক বিশাল সংখ্যক দর্শক এই সংলাপে যোগদান করবেন।

9. বিগত সাত বছরে, রাইসিনা ডায়ালগ আন্তর্জাতিক বিষয়ক একটি শীর্ষস্থানীয় বিশ্ব সম্মেলন হিসাবে আবির্ভূত হওয়ার জন্য আকারে এবং প্রোফাইলে বৃদ্ধি পেয়েছে। এটি বিশ্বের মুখ্য ভূ-রাজনৈতিক উন্নয়ন এবং কৌশলগত সমস্যা নিয়ে আলোচনা করার জন্য বিশ্বব্যাপী কৌশলগত এবং নীতি-নির্ধারক সম্প্রদায়ের বিশিষ্ট চিন্তাশীল নেতাদের আকর্ষণ করে।

10. www.orfonline.org/raisina-dialogue/-তে আরও বিস্তারিত বিবরণ পাওয়া যাবে।

নিউ দিল্লি

এপ্রিল 21, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.